গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়, সিলেট।
www.bbs.sylhet.gov.bd

স্মারক নং-৫২.০১.৯১০০.০০০.৪৯.০০১.১৯-১০ তারিখ: ২৬/০১/২০২০খ্রি.

## শুমারিকর্মী(তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নির্বাচনের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র সিলেট সিটি কর্পোরেশনের আওতাধীন ২৭টি ওয়ার্ডে স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম | প্রাপ্য ভাতাদি (টাকা) | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১) | সুপারভাইজার | প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে। | ১) ন্যূনতম স্নাতক/ডিগ্রি (সমমান) পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ২০-৪৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২) | তালিকাকারী /গণনাকারী | প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রশিক্ষণ, পারিতোষিক ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে। | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৪) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।<br>৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলী:**

১) বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, জেলা পরিসংখ্যান কার্যালয় থেকে অথবা (www.bbs.sylhet.gov.bd ও www.bbs.sylhetdiv.gov.bd ওয়েব পোর্টাল থেকে ডাউনলোড করে) আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট (৩৫০-৪০০) টি খানার তালিকা করবেন, মূলশুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট (১০০- ১২০) টি খানার তথ্য সংগ্রহ করতে হবে।

৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।

৪) নির্বাচনের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

৮) আবেদনকারীকে খামের উপর পদের নাম, ওয়ার্ড নং ও মহল্লার নাম উল্লেখ করতে হবে।

৯) সকল পদের আবেদন ফরম আগামী ০৪/০২/২০২০ খি: তারিখের মধ্যে বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ব্লক-ই, রোড নং-০৬, বাড়ি নং-১৯৮, উপশহর, সিলেট এ সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১১) মৌখিক পরীক্ষা অংশগ্রহণের সময় স্মার্টফোন ও সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১২) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা প্রধান নির্বাহী কর্মকর্তার কার্যালয় এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা বিভাগীয়/জেলা পরিসংখ্যান কার্যালয়ে যথাসময়ে পাওয়া যাবে।

১৩) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহীনন বলে গণ্য হবেন এবং তার নির্বাচন তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।

১৪) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে বিভাগীয়/জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।

১৫) সাক্ষাতকারের তারিখ ও সময় বিভাগীয়/জেলা পরিসংখ্যান কার্যালয়, সিলেট এর ওয়েব পোর্টালে (www.bbs.sylhet.gov.bd ও www.bbs.sylhetdiv.gov.bd) প্রকাশ করা হবে।

১৬) **নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

২৬/০১/2020

(বিধায়ক রায় চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
সিলেট সিটি কর্পোরেশন।
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।

26.01.2020

Scanned by CamScanner

# আবেদন ফরম

ফরম নং-__________
(অফিস কর্তৃক পূরণীয়)

পাসপোর্ট সাইজ ছবি

**পদের নাম: গণনাকারী/ সুপারভাইজার।** (নির্দিষ্ট পদের উপরে টিক চিহ্ন দিন√)
(শুধুমাত্র প্রার্থী স্বহস্তে পূরণ করুন)

১. প্রার্থীর নাম : বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

২. পিতার নাম : বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

৩. মাতার নাম : বাংলায় :
ইংরেজি বড় অক্ষরে :

৪. বর্তমান ঠিকানা প্রযত্নে :
হোল্ডিংনং :
মহল্লা :
মৌজা :
ডাকঘর :
ওয়ার্ড নং :

৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) :
৬. জন্ম তারিখ (ইংরেজিতে) :
৭. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) :
৮. মোবাইল নম্বর (ইংরেজিতে) :
৯. নিজস্ব স্মার্ট ফোনের বিবরণ : আপনার ফোনের Android Verson:........,
আপনার ফোনের স্ক্রীন সাইজ............ইঞ্চি

১০ শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | প্রাপ্ত জিপিএ/শ্রেণি | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ _ _ _ _ 2 0 2 0

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তি সমূহঃ
ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত কপি।
খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।

✂-----------------------------------------------------------------------

## প্রাপ্তি স্বীকার

স্ট্যাম্প সাইজ ছবি

**ফরম নং**------------------
(অফিস কর্তৃক পূরণীয়)

পদের নাম-..........................................................................

প্রার্থীর নাম-.......................................................................... পিতার নাম-..........................................................

মাতার নাম.......................................................................... মহল্লা-..........................................................

মৌজা .......................................................................... ওয়ার্ড নং- ..........................................................

Scanned by CamScanner